রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৫ সনের ৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৩০, ২০২৫

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮১—৮৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১২৯—১৭৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২১—৩১ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৮১—২১১ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৫ |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৫ (প্রশাসন ও শৃঙ্খলা) শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ পৌষ ১৪৩১/২৪ ডিসেম্বর ২০২৪

নং **৪১.০০.০০০০.০২০.২৭.০০৫.২২-২৮০**—যেহেতু, জনাব মোঃ তারিক এলাহী, প্রবেশন অফিসার (সাময়িক বরখাস্ত), প্রবেশন কার্যালয়, নাটোর এর বিরুদ্ধে কর্তৃপক্ষ কর্তৃক কর্তব্যে চরম অবহেলা ও সামাজিক যোগাযোগ মাধ্যমে শৃঙ্খলা বিরোধী কার্যকলাপের অভিযোগ আনয়ন করা হয়। সে প্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী অসদাচরণ এ অভিযোগে ০৬/২০২২ নম্বর বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

২। যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর লিখিত জবাব দাখিলকরতঃ তিনি ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। ব্যক্তিগত শুনানি গ্রহণ শেষে তাঁর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭ (২) (ঘ) বিধি অনুযায়ী তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ তারিক এলাহী, প্রবেশন অফিসার (সমরিক বরখাস্ত), নাটোর এর বিরুদ্ধে দায়েরকৃত ০৬/২০২২ নম্বর বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহের সত্যতা পাওয়া যায়নি;

৪। যেহেতু, জনাব মোঃ তারিক এলাহী, প্রবেশন অফিসার (সাময়িক বরখাস্ত), প্রবেশন কার্যালয়, নাটোর এর বিরুদ্ধে ০৬/২০২২ নম্বর বিভাগীয় মামলায় আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক "অসদাচারণ" এর অভিযোগ প্রমাণিত হয়নি;

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

৫। সেহেতু, জনাব মোঃ তারিক এলাহী, প্রবেশন অফিসার (সাময়িক বরখাস্ত), প্রবেশন কার্যালয়, নাটোর এর বিরুদ্ধে- কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী অসদাচরণ সম্পর্কিত অভিযোগ প্রমাণিত না হওয়ায় একই বিধিমালার ৭ (২) (ক) বিধি মোতাবেক অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৬। তাঁর সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে।

৭। এ আদেশ অবিলম্বে কার্যকর করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মহিউদ্দিন**
সচিব।

---

## জাতীয় রাজস্ব বোর্ড
## [ কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা ]

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/০৮ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৭০/২০২৫/কাস্টমস/-৬১৭**—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা-১০ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে ঝিনাইদাহ জেলার সদর উপজেলোর পোড়াহাটি ইউনিয়ন ১৬১ নং চুয়াডাঙ্গা মৌজার নিম্নবর্ণিত তফসিলভুক্ত এলাকাকে এতদ্বারা কাস্টমস ওয়্যারহাউজিং স্টেশন হিসেবে ঘোষণা করছে, যথা:

| ক্র:নং | অফিসের নাম | মৌজা | আর.এস, জে.এল নং | দাগ সংখ্যা | আর এস দাগ | জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ১ | পোড়াহাটি ইউনিয়ন ভূমি অফিস | চুয়াডাঙ্গা | ১৬১ | ২ | ১৯৮ ও ১৯৯ | ৩৮.৬২ শতাংশ। |

সর্বমোট = ৩৮.৬২ শতাংশ।

**চৌহদ্দি:**

ক) পূর্বে: পাশে ফাঁকা জমি:

খ) পশ্চিমে: পাশে কবরস্থান;

গ) উত্তরে: পাশে কবরস্থান; এবং

ঘ) দক্ষিণে: পাশে বড় পাকা রাস্তা ।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ আল আমিন**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

## প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
## শৃঙ্খলা, বিধি ও মতামত শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/৩০ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৪৯.০০.০০০০.০০০.২৭.০২১.২৪-২১৬**—যেহেতু, জবাব মোঃ আব্দুল জলিল মিয়া, উপ-সহকারী পরিচালক, আয়ন-ব্যয়ন কর্মকর্তা, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ব্রাহ্মণবাড়িয়া-এর বিরুদ্ধে বিএমইটি কর্তৃক শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ পাওয়া গিয়েছে;

২। যেহেতু, তাঁর সাথে গত ১৯ জুলাই, ২০২৪ তারিখে টেলিফোনে যোগাযোগে তার কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়টি কর্তৃপক্ষ নিশ্চিত হয়। উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অফিস প্রধান হিসেবে কর্মস্থল ত্যাগ না করার বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও তিনি তা প্রতিপালন না করে ধৃষ্টতাপূর্ণ আচরণ করেছেন, যা সরকারি চাকুরি শৃঙ্গালা ও আপিল বিধি পরিপন্থী এবং শাস্তিযোগ্য অপরাধ;

৩। যেহেতু, তিনি গত ০৯-০৭-২০২৪ তারিখ হতে ২৯-০৭-২০২৪ তারিখ পর্যন্ত ২১ দিনের অর্জিত ছুটির আবেদন করেন এবং অর্জিত ছুটি মঞ্জুর ব্যতিরেকে ছুটি ভোগ করেন । তাকে গত ৩০ জুলাই ২০২৪ তারিখে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে দেখতে পাওয়া যায়। তাঁর এহেন কার্যকলাপ অসদাচরণের সামিল;

৪। যেহেতু, তাকে ডিইএমও, টাংগাইল হতে ২৪-০৭ ২০২৪ তারিখে অব্যাহতি প্রদান করা হলেও তিনি বিনা অনুমতিতে ০৫ দিন অনুপস্থিত থেকে ০৪-০৮-২০২৪ তরিখ ডিইএমও, ব্রাহ্মণবাড়িয়া যোগদান করেন। উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকা সরকারি শৃঙ্খলা ও আপিল বিধি অনুযায়ী অসদাচরণের শামিল, যা শাস্তিযোগ্য অপরাধ;

৫। যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগগুলোর সত্যতা পাওয়া গিয়েছে, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক অসদাচরণ ও শাস্তিযোগ্য অপরাধ;

৬। যেহেতু, তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহের জন্য বিভাগীয় মামলা রুজু করে 'অসদাচরণের' অভিযোগে অভিযুক্ত করে তাকে গত ১২-১১-২০২৪ খ্রি. তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়।তৎপ্রেক্ষিতে তিনি এ মন্ত্রণালয়ে লিখিত জবাব প্রেরণ করেন;

৭। যেহেতু, তিনি জবাবে উল্লেখ করেন যে, তার সংযুক্তিতে বদলিকৃত কর্মস্থল ডিইএমও, ব্রাহ্মণবাড়িয়ায় যোগদানের জন্য সহকারী পরিচালক, ডিইএমও টাঙ্গাইল ২৪-০৭-২০২৪ খ্রি. তারিখ অবমুক্ত করেন। তিনি উচ্চ রক্ত চাপ ও হৃদরোগজনিত সমস্যার কারণে তার শারীরিক অবস্থা খারাপ থাকায় ডাক্তার দেখালে তাকে চিকিৎকাপত্রসহ ২১ দিনের বিশ্রামের পরামর্শ দেওয়া হয়। বিগত ০৯-০৭-২০২৪ হতে ২৯-০৭-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ২১ দিনের অর্জিত ছুটির আবেদন করে ছুটি মঞ্জুর ব্যতীত ছুটি ভোগ করেন। তৎক্ষণাৎ ছুটি মঞ্জুর করে ছুটিতে যাওয়ার অবস্থা তার ছিলনা। পরবর্তীতে ২৯-০৭-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ছুটি ভোগ শেষে ডাক্তারের ফিটনেস সাটিফিকেট দাখিলপূর্বক ৩০-০৭-২৪ খ্রি. তারিখ পূর্বাহ্নে ডিইএমও, টাংগাইলে যোগদান করেন। যোগদান পরবর্তী ৩০-০৭-২৪ খ্রি. তারিখ অবমুক্তির আদেশ গ্রহণপূর্বক তার ছেলের প্রয়োজনীয় কাগজপত্র ও টিউশন ফি প্রদানের জন্য ঢাকা যান। ঐ সময়ে তার একজন পূর্ব পরিচিত জনের সাথে দেখা করার জন্য মন্ত্রণালয়ে গমন করেন। পরবর্তীতে বিগত ০৪-০৮-২০২৪ খ্রি. তারিখ ডিইএমও, ব্রাহ্মণবাড়িয়ায় যোগদান করেন মর্মে জানান।

৮। যেহেতু, তার লিখিত জবাব বিবেচনায় গত ৩০-১২-২০২৪ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। তিনি জানান যে, তিনি অসুস্থ থাকার কারণে ছুটি মঞ্জুর করে ছুটিতে যাওয়ার অবস্থা না থাকায় ছুটি ভোগ করেছেন। তবে পরবর্তীতে বিএমইটি কর্তৃক তার উক্ত ২১ দিনের অর্জিত ছুটি মঞ্জুর করা হয়; এবং

৯। যেহেতু, সার্বিক পর্যালোচনায় দেখা যায় যে, উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অফিস প্রধান হিসেবে কর্মস্থল ত্যাগ না করার বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও তিনি তা প্রতিপালন করেননি। তিনি গত ০৯-০৭-২০২৪ তারিখ হতে ২৯-০৭-২০২৪ তারিখ পর্যন্ত ২১ দিনের অর্জিত ছুটির আবেদন করেন এবং অর্জিত ছুটি মঞ্জুর ব্যতিরেকে ছুটি ভোগ করেন যা চাকুরি শৃঙ্খলা পরিপন্থী। তাকে ডিইএমও, টাংগাইল হতে ১০-০৭-২০২৪ তারিখে ডিইএমও, ব্রাহ্মণবাড়িয়া হিসেবে বদলি করা হয় এবং তিনি ০৪-০৮-২০২৪ খ্রি. তারিখ ডিইএমও, ব্রাহ্মণবাড়িয়া হিসেবে যোগদান করেন। যদিও গত ০৪-০৮-২০২৪ খ্রি. তারিখের ৪৯.০১.০০০০.০০২.১৮.৭২৮.১৫.১৫৯২ নং স্মারকের মাধ্যমে তার প্রার্থীত ২১ দিনের ছুটি বিএমইটি কর্তৃক মঞ্জুর করা হয়। তবে ছুটি মঞ্জুর ব্যতীত ছুটি ভোগ করার অভিযোগের স্বপক্ষে তার প্রদত্ত যুক্তিসমূহ গ্রহণযোগ্য নয়।

১০। সেহেতু, জনাব মোঃ আব্দুল জলিল মিয়া, উপ-সহকারী পরিচালক, আয়ন-ব্যয়ন কর্মকর্তা, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ব্রাহ্মণবাড়িয়া-এর লিখিত জবাব, বক্তব্য এবং সার্বিক পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক তাঁর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগে প্রস্তাবিত দণ্ডের পরিবর্তে সার্বিক বিবেচনায় একই বিধিমালার বিধি ৪(২)(ক) অনুযায়ী তাকে 'তিরস্কার' সূচক লঘুদণ্ড প্রদান করা হলো। এই দণ্ডাদেশ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০১(এক) বছর বলবৎ থাকবে।

১১। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রুহুল আমিন**
সচিব।

---

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়**
**প্রশাসন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ পৌষ ১৪৩১/১৭ ডিসেম্বর ২০২৪

নং **৫১.০০.০০০০.২১১.১২.০৬৩.১০.২৮৯**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৭-১২-২০২৪ খ্রি. তারিখের ৮০.০০.০০০০.১১২.১২.০২৯.২৪.৩৪৮ সংখ্যক স্মারকের সুপারিশ মোতাবেক দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মচারীদের জাতীয় বেতন স্কেল/২০১৫ এর টাকা ১৬,০০০—৩৮,৬৪০/- বেতনক্রমে (গ্রেড-১০) ও পদমর্যাদায় প্রশাসনিক কর্মকর্তা (২য় শ্রেণির গেজেটেড) পদে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রমিক | জ্যেষ্ঠতার নম্বর | নাম, বর্তমান পদ ও গ্রেড | সুপারিশকৃত পদ ও গ্রেড |
|---|---|---|---|
| ১ | ২ | জনাব মোঃ রফিকুল হক ভুঁঞা<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>১৬ তম গ্রেড | প্রশাসনিক কর্মকর্তা (১০ম গ্রেড) |
| ২ | ৩ | জনাব দীপক চন্দ্র বিশ্বাস<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>১৬ তম গ্রেড | প্রশাসনিক কর্মকর্তা (১০ম গ্রেড) |
| ৩ | ৪ | জনাব মোহাম্মদ আবু বকর<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>১৬ তম গ্রেড | প্রশাসনিক কর্মকর্তা (১০ম গ্রেড) |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহাঙ্গীর আলম**
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ২৪ পৌষ ১৪৩১/০৮ জানুয়ারি ২০২৫

বিষয়: **ঢাকা জেলার উত্তরা থানার সাবেক উত্তরখান ইউনিয়নের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোঃ জসিম উদ্দিনকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪৫ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার হিসেবে গণ্যকরণ প্রসঙ্গে।**

নং **১০.০০.০০০০.১৩১.১১.০০৮.১৯-২০**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২৩ জুলাই, ২০১৭ খ্রি. তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী সাবেক উত্তরখান ইউনিয়ন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪৪, ৪৫ ও ৪৬ নং ওয়ার্ডে রূপান্তরিত হওয়ায়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪৫ নং ওয়ার্ডের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্র অনুযায়ী সাবেক উত্তরখান ইউনিয়নের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোঃ জসিম উদ্দিন বর্তমানে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪৫ নং ওয়ার্ডের বাসিন্দা হওয়ায় এবং বর্ণিত ৪৫ নং ওয়ার্ডে অদ্যাবধি কোন নিকাহ্ রেজিস্ট্রার নিয়োগ প্রদান না করায় তাঁর নামীয় নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্সটি ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪৫ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার হিসেবে গণ্য করা হলো।

**সাইদুজ্জামান শরীফ**
সিনিয়র সহকারী সচিব।

---

**আদেশ**

তারিখ: ২৪ পৌষ ১৪৩১/০৮ জানুয়ারি ২০২৫

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৫৮.১২-২৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ শাহাদত হোসেন, জন্ম তারিখ: ০৩-১১-১৯৭১ খ্রি., পিতা: মোঃ এনামুল হক, মাতা: মোছাঃ সুলতানা বেগম, গ্রাম: কশালগাঁও, ডাকঘর: রুহিয়া, উপজেলা: ঠাকুরগাঁও, জেলা ঠাকুরগাঁও) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঠাকুরগাঁও জেলার সদর উপজেলার ২০ নং রুহিয়া পশ্চিম ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাইদুজ্জামান শরীফ**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/০৯ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৯৪.২৭.০২৬.২১.৩৬**—যেহেতু, জনাব মুহাম্মদ মহিউদ্দিন ফারুকী, বিপিএম-বার, পিপিএম (বিপি-৭০০৩০২৭৮৩৮), পুলিশ সুপার, পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি-কে ডিএমপি, ঢাকার যাত্রাবাড়ী থানায় রুজুকৃত মামলা নং-১৫, তারিখ-২২-৮-২০২৪ খ্রি. ধারা-১৪৩/১৪৭/৩২৩/৩০৭/৩০২/১০৯/১১৪/৩৪ পেনাল কোড, তৎসহ The explosive substances act 1908 এর ৩/৬ ধারা মোতাবেক তদন্তকারী কর্মকর্তা এসআই (নিরস্ত্র) মোঃ রাসেল সরদার সঙ্গীয় ফোর্সসহ পুলিশ স্পেশাল ট্রেনিং স্কুল (পিএসটিএস), বেতবুনিয়া, রাঙ্গামাটি হতে গত ১৩-১১-২০২৪ খ্রি. গ্রেফতার করেন। তিনি উক্ত মামলার এজাহারনামীয় ৫৯ নং আসামি;

সেহেতু, জনাব মুহাম্মদ মহিউদ্দিন ফারুকীকে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ৩৯ (২) ধারার বিধান অনুযায়ী ১৩-১১-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন তিনি এপিবিএন ও বিশেষায়িত ট্রেনিং সেন্টার, খাগড়াছড়িতে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সচিব।

## আইন-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ/১৫ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৫৬.২২.০০১.২৪.২১১২**—বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা-এর সুপারিশের প্রেক্ষিতে ঢাকা জেলার ধানমন্ডি থানার মামলা নং-১৩/১৬২, তারিখঃ-২৪-১০-২০২৪ খ্রিঃ অনুযায়ী অভিযুক্তগণের বিরুদ্ধে সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারামতে মামলা দায়েরের লক্ষ্যে সরকারের ভূতাপেক্ষ পূর্বানুমোদন (Sanction) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল হাই**
সিনিয়র সহকারী সচিব।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ: ২৪ পৌষ ১৪৩১/০৮ জানুয়ারি ২০২৫

নং **৪৩.০০.০০০০.১১৪.১৬.১৩৮.২২-১৯**—১৯৬৮ সালের (সংশোধিত, ১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভূক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দি | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | **ছিলিয়াখানা(ছিল্লাখানা)/ অস্ত্রাগার প্রত্নঢিবি**<br>গ্রাম: রণবিজয়পুর<br>ইউনিয়ন: ষাটগম্বুজ ইউনিয়ন পরিষদ<br>উপজেলা: বাগেরহাট সদর<br>জেলা: বাগেরহাট | ১১৯ রণবিজয়পুর | ০১ | ৬৬৯ | ০.১০ একর | উত্তরে-আশ্রাফ আলী গং দক্ষিণে-আকবর আলী গং পূর্বে-আকবর আলী গং পশ্চিমে-সরকারি রাস্তা | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে প্রশাসক বাগেরহাট | না।<br>বিবেচ্য প্রত্নঢিবিটি ১১৯ নং রণবিজয়পুর মৌজাভুক্ত হলেও পার্শ্ববর্তী ঠাকুরদিঘী মৌজার সীমানায় অবস্থিত। ঠাকুরদিঘী মৌজায় হযরত খানজাহান আলী (রঃ) এর মাজার, নয় গম্বুজ মসজিদ, মাজার দিঘী প্রভৃতি অবস্থিত যা প্রত্নতত্ত্ব অধিদপ্তর রক্ষণাবেক্ষণ করলেও জমি ১নং খাস খতিয়ানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পক্ষে জেলা প্রশাসক, বাগেরহাট এর নামে রেকর্ডভুক্ত। ফলে, ছিলিয়াখানার জমির মালিকানা জেলা প্রশাসক, বাগেরহাট এর নামে থাকা অবস্থায় প্রত্নতত্ত্ব অধিদপ্তর তাদের কার্যক্রম চালাতে পারে। মালিকানা হস্তান্তরের যৌক্তিকতা রয়েছে মর্মে প্রতীয়মান হয় না। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

## জনপ্রশাসন মন্ত্রণালয়
## শৃঙ্খলা-৪ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৫ পৌষ ১৪৩১/৩০ ডিসেম্বর ২০২৪

নং **০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৬.২৪-৬৩১**—যেহেতু, জনাব মোহাম্মদ সাদিকুর রহমান সবুজ (পরিচিতি নম্বর-১৭৩৯০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় প্রাক্তন আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর-এর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী কর্তৃপক্ষ তাঁকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করেন;

৩। সেহেতু, উক্ত বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী জনাব মোহাম্মদ সাদিকুর রহমান সবুজ (পরিচিতি নম্বর-১৭৩৯০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোখলেস উর রহমান**
সিনিয়র সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ পৌষ ১৪৩১/১৩ জানুয়ারি ২০২৫

নং **৪৪.০০.০০০০.০৯৪.২৭.০২৬.২১-৬৯**—যেহেতু, জনাব মোঃ আলেপ উদ্দিন, বিপিএম, পিপিএম-বার (বিপি-৮৫১৩১৫৯৪৪৫), অতিরিক্ত পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজির কার্যালয় বরিশালে সংযুক্ত (সাবেক অতিরিক্ত উপপুলিশ কমিশনার, আরপিএমপি, রংপুর)-কে যাত্রাবাড়ী থানা, ডিএমপি, ঢাকায় রুজুকৃত মামলা নং-১৫, তারিখ ২২-৮-২০২৪ খ্রি. ধারা-১৪৩/১৪৭/৩২৩/৩০৭/৩০২/১০৯/১১৪/৩৪ পেনাল কোড, তৎসহ The explosive substances act 1908 এর ৩/৬ সংক্রান্তে উক্ত কর্মকর্তাকে গত ১৩-১১-২০২৪ গ্রেফতারপূর্বক গত ১৪-১১-২০২৪ খ্রি. বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে;

সেহেতু, জনাব মোঃ আলেপ উদ্দিনকে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ৩৯ (২) ধারার বিধান অনুযায়ী ১৩-১১-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৬ পৌষ ১৪৩১/৩১ ডিসেম্বর ২০২৪

নং **৩৩.০০.০০০০.১২৬.১২.০০৯.২৪-৮৩৯**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের ০৭-০২-২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬.১৩.২৮ নম্বর পরিপত্রের আলোকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে কর্মকর্তাদের বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/ সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

(১) সিনিয়র সচিব/সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

(৩) অর্থ বিভাগের অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

(৪) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা

**সদস্য-সচিব**

(৫) যুগ্মসচিব (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি:**

(ক) উপসচিব ব্যতীত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের ক্যাডারভুক্ত এবং ক্যাডার বহির্ভূত জাতীয় বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে পদোন্নতি;

(খ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে সরাসরি নিয়োগ;

(গ) বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদের টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া থাকলে);

(ঘ) কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি দপ্তরের কোনো একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

নং **৩৩.০০.০০০০.১২৬.১২.০০৯.২৪-৮৪০**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের ০৭-০২-২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬.১৩.২৭ নম্বর পরিপত্রের আলোকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের পদে কর্মকর্তাদের বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

(১) সিনিয়র সচিব/সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

(৩) অর্থ বিভাগের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৪) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা

**সদস্য-সচিব**

(৫) যুগ্মসচিব (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি:**

(ক) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের বেতন স্কেল এর ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের (বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত) পদে সরাসরি নিয়োগ/ পদোন্নতি প্রদানের জন্য সুপারিশ প্রদান;

(খ) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের বেতন স্কেল এর ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের পদে টাইম স্কেল/ সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া থাকলে);

(গ) কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি দপ্তরের কোনো একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

নং **৩৩.০০.০০০০.১২৬.১২.০০৯.২৪-৮৪১**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের ০৭-০২-২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬.১৩.২৭ নম্বর পরিপত্রের আলোকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের ১০—১২ গ্রেড (পদ সৃজনকালে ঘোষিত দ্বিতীয় শ্রেণি) পদে সরাসরি নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/ সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

(৩) অর্থ বিভাগের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৪) পরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

**সদস্য-সচিব**

(৫) উপসচিব (মৎস্য-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি:**

(ক) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের বেতন স্কেল এর ১০—১২ গ্রেডের পদে সরাসরি নিয়োগ/ পদোন্নতি প্রদানের জন্য সুপারিশ প্রদান;

(খ) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের বেতন স্কেল এর ১০—১২ গ্রেডের পদে টাইম স্কেল/ সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া থাকলে);

(গ) কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি দপ্তরের কোনো একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হাসানুজ্জামান**
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ : ০৭ মাঘ ১৪৩১/২১ জানুয়ারি ২০২৫

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০৩৬.১২(১)-৪০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব সাব্বির আহমেদ, জন্ম তারিখ: ২০-১২-১৯৯৫ খ্রি., পিতা- মোঃ আলী আকবর, মাতা-মাজেদা বেগম, গ্রাম- তুলাতলা, ওয়ার্ড নং ০৩, ডাকঘর: দাউদপুর ইছাপুরা, উপজেলা-বিজয়নগর, জেলা-ব্রাহ্মণবাড়িয়া।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর উপজেলার ০৩ নং ইছাপুরা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০০৪.৯৩-৪১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব রোকনুজ্জামান, জন্ম তারিখ: ১৮-১১-১৯৯৫ খ্রি., পিতা- শফিউল আলম, মাতা-নুর জাহান বেগম, গ্রাম-উত্তর সাদুল্যা, ওয়ার্ড নং ০৮, ডাকঘর: তবকপুর, উপজেলা-উলিপুর, জেলা-কুড়িগ্রাম।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার ১১ নং তবকপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাইদুজ্জামান শরীফ**
সিনিয়র সহকারী সচিব।